কাজেম আলী স্কুল এন্ড কলেজ
পাঠ মূল্যায়ন পরীক্ষা-২০২০
ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা (১ম পত্র)
দ্বাদশ শ্রেণি
বিষয় কোড-২৭৭

সময়-১ঘন্টা ২০মিঃ　　　　　　　　　　　　　　　　　　　পূর্ণমান-৫০

[সকল প্রশ্নের উত্তর দিতে হবে]

১। মি. হাসান X ব্যাংকের একজন অফিসার। ব্যাংকটি লেজার বুকের পরিবর্তে কম্পিউটার গ্রাহকদের হিসাবের লেনদেন সংরক্ষণ করে। তথ্য আদান-প্রদানে ব্যাংকটি চিঠির পরিবর্তে মোবাইল মেসেজ, ইমেইল প্রভৃতি ব্যবহার করে।ব্যাংকের গ্রাহকেরা কার্ড ব্যবহার করে ব্যাংকে না গিয়ে যেকোনো বুথ থেকে সব সময় টাকা তুলতে পারে। বর্তমানে এ ব্যাংকের গ্রাহকেরা এ প্রযুক্তিতে পণ্যের দাম ও বিল পরিশোধ এবং কর্মচারীদের বেতন-ভাতাদি দিচ্ছে।

ক) সৃজনশীলতা কী?

খ) "সব উদ্যোগই আত্মকর্মসংস্থান তবে সব আত্মকর্মসংস্থান উদ্যোগ নয়"--- ব্যাখ্যা করো।

গ) X ব্যাংক কোন ধরনের ব্যাংকিং পদ্ধতি চালু করেছে? ব্যাখ্যা করো।

ঘ) উদ্দীপকে বর্ণিত বিশেষ কার্ডটি গ্রাহকদের লেনদেন প্রক্রিয়াকে সহজ করেছে- তুমি কি এ বিষয়ে একমত? মতামত দাও।

২। অনুন্নত দেশের শহরগুলোতে উচ্চ শব্দে গাড়ির বিরক্তিকর হর্ণ বাজানোর ফলে প্রায়ই শিশুদের শ্রবণশক্তির সমস্যা দেখা দিচ্ছে। তাছাড়া এ কারনে অনেক রোগীকে আরও বেশি অসুস্থ হতে দেখা যায়। এ অবস্থা থেকে মুক্তির জন্য সরকারি আইন থাকলেও সেগুলোর যথাযথ বাস্তবায়ন নেই।

ক) ট্রেডমার্ক কী?

খ)আই এস ও বলতে কী বোঝায়?

গ)উদ্দীপকে কোন সমস্যার কারণে শব্দ দূষণ কমছে না? ব্যাখ্যা করো।

ঘ)"আইনের সঠিক প্রয়োগ থাকলেই শব্দ দূষণ কমবে"- তুমি কি একমত? মতামত দাও।

<u>নিচের প্রশ্নের সঠিক উত্তরটি লিখ।</u>

১| ব্যবসায়ে বিনিয়োগের ঝুঁকি কে নেন?

ক) উদ্যোক্তা　　খ) ব্যবস্থাপক　　গ)বিমাকারী　　ঘ)সরকার

২| ব্যবসায় উদ্যোগের প্রথম কাজ কোনটি?

ক) পণ্য বা ধারণা উদ্ভাবন

খ) নতুন বাজার সৃষ্টি করা

গ) কাঁচামালের উৎস চিহ্নিতকরণ

ঘ) তহবিলের উৎস নির্ধারণ

৩| বিভিন্ন পুরাতন অব্যবহার্য দ্রব্য থেকে নতুন কিছু তৈরি করে বিক্রি করাকে কী বলে।

ক) ব্যবসায় উদ্যেগ　　খ) আত্ম-কর্মসংস্থান　　গ) বাণিজ্য　　ঘ)ব্যবসায়

৪| উদ্যোক্তার অত্যাবশ্যকীয় গুণ কোনটি?

ক)ধৈর্য ও কষ্টসহিষ্ণুতা　　খ)দূরদৃষ্টি

গ)সিদ্ধান্ত নেওয়ার সামর্থ্য　　ঘ)ঝুঁকি নেওয়ার মানসিকতা

৫| একজন সফল উদ্যোক্তার ভেবে চিন্তে সিদ্ধান্ত নেওয়ার কারণ কোনটি?
ক)ভবিষ্যত মুনাফার প্রত্যাশা খ)মূল লক্ষ্য অর্জন
গ)সুষ্ঠুভাবে ব্যবসায় পরিচালনা ঘ)ব্যবসায়ের সম্প্রসারণ
৬| ভবিষ্যৎ অনিশ্চিত জেনেও উদ্যোক্তা ব্যবসায় স্থাপন করে। এটি উদ্যোক্তার কোন গুণ?
ক)ঝুঁকি গ্রহণের মানসিকতা খ)অনিশ্চয়তা
গ)প্রজ্ঞা ও দূরদৃষ্টি ঘ)সৃজনশীলতা
৭| 'গৃহীত উদ্যোগ দ্বারা ভালো কিছু অর্জিত হবে '- এ ধরনের চিন্তা উদ্যোক্তার কোন গুণকে প্রকাশ করে?
ক)ঝুঁকি গ্রহণ ক্ষমতা খ)আত্মবিশ্বাস গ)অধ্যবসায় ঘ) মানসিক দৃঢ়তা
৮| সফল নারী উদ্যোক্তা ডঃ হোসনে আরা বেগম নিচের কোন NGO এর প্রতিষ্ঠাতা।
ক)TMSS খ)AASA গ)BRAC ঘ)PROSIKA
৯| বর্তমানে দেশের সব পর্যায়ের ব্যবসায়ে কোনটির অভাব দেখা যায়?
ক)প্রাকৃতিক সম্পদের খ)দক্ষ ও যোগ্য উদ্যোক্তার
গ)বিনিয়োগ ও পরিবেশের ঘ)উৎপাদন ও বন্টন ব্যবস্থার
১০| বাংলাদেশে ব্যবসায় উদ্যোগ উন্নয়নের প্রধান সমস্যা কোনটি?
ক)বাজারের অভাব খ)জনবলের অভাব গ)মূলধনের অভাব ঘ)সরকারের আগ্রহের অভাব
উদ্দীপকটি পড়ো এবং ১১ ও ১২ নং প্রশ্নের উত্তর দাওঃ
সজীবতা ব্যাংকিং গ্রাহকদের নতুন নতুন ব্যাংকিং সেবা পরিবেশনে যত্নশীল। ফলে গ্রাহকগণ ব্যাংকের যেকোনো শাখায় টাকা জমা দান এবং টাকা উত্তোলন করতে পারেন।
১১| উদ্দীপকে বর্ণিত ব্যাংক কর্তৃক প্রদত্ত সেবাকে কী বলে?
ক)হোম ব্যাংকিং খ)মোবাইল ব্যাংকিং
গ) ই- ব্যাংকিং ঘ)স্যাটেলাইট ব্যাংকিং
১২| ইলেকট্রনিক ব্যাংকিং অবসান ঘটিয়েছে -
।. সনাতন পদ্ধতির
।।. নথিবদ্ধ ফাইলের
।।। .কায়িক শ্রমের
নিচের কোনটি সঠিক?
ক)। ও ।। খ)। ও ।।। গ)।। ও ।।। ঘ)।,।। ও ।।।
১৩| বাড়িতে বসে খুচরা পণ্য ক্রয়ের পদ্ধতিকে কী বলে?
ক) ই-রিটেইলিং খ) ই- কমার্স গ) ই- মার্কেটিং ঘ) ই- বিজনেস
১৪| B2C কোন ধরনের ই-বিজনেস?
ক)ই- কমার্স খ)ই-রিটেইলিং গ)ই- ব্যাংকিং ঘ)ই- মার্কেটিং
১৫| কম্পিউটারের সাথে ইন্টারনেট সংযুক্তির মাধ্যম কোনটি?
ক) এটিএম কার্ড খ) KYC ফরম গ) মডেম ঘ) টেলেক্স
১৬| ডেবিট কার্ডের মাধ্যমে নিচের কোন সুবিধাটি পাওয়া যায়?
ক)জমা টাকা উঠানো খ)ঋণ সুবিধা গ)বাকিতে পণ্য ক্রয় ঘ)বিশ্বব্যাপী ব্যবহার
১৭| চেকের আধুনিক বিকল্প কোনটি?
ক)ই- ব্যাংকিং খ)ই-মেইল গ)এটিএম কার্ড ঘ)ই- গভর্নেন্স
১৮| অনলাইন ব্যবসায় কোনটির মাধ্যমে পরিচালিত হয়?
ক)নির্দিষ্ট ওয়েবসাইট খ)ডিজিটাল অফিসরুম গ)নির্দিষ্ট ই-মেইল ঘ) মোবাইল
১৯|বাংলাদেশে মোবাইল ব্যাংকিং সেবা কত সালে চালু হয়?
ক) ২০০১ খ) ২০০৪ গ)২০০৫ ঘ) ২০১১
২০| ইলেকট্রনিক পদ্ধতিতে কখন ক্রেতা ও বিক্রেতা উভয়ই ব্যবসায়ী?
ক) B2C খ) B2B গ) B2G ঘ) C2B
২১।বুদ্ধিবৃত্তিক সম্পদ সংরক্ষণের জন্য প্রয়োজন কোনটি?
ক)আইন বিধান খ)বিমা গ)শিল্পনীতি ঘ)ট্রেডমার্ক
২২।পেটেন্ট কোন ধরনের সম্পদ?
ক)স্থায়ী খ)চলতি গ)অলীক ঘ)বুদ্ধিবৃত্তিক
২৩।পেটেন্টে নিচের কোন বিষয়টি অন্তর্ভুক্ত?
ক)কোনো পণ্যের লোগো খ)লেখকের সাহিত্য কর্ম
গ)নতুন প্রযুক্তির আবিষ্কার ঘ)কোনো পণ্যের মান নির্ধারণ ও পরীক্ষা
২৪।বৈজ্ঞানিক উদ্ভাবকের অধিকার কোনটির মাধ্যমে সংরক্ষিত হয়?
ক)কপিরাইটের মাধ্যমে খ)ট্রেডমার্কের মাধ্যমে
গ)পেটেন্ট আইনের মাধ্যমে ঘ)বিমা চুক্তির মাধ্যমে
২৫।বাংলাদেশে কত সালের ট্রেডমার্ক আইন প্রচলিত আছে?
ক)২০০৬ খ)২০০৭ গ)২০০৮ ঘ)২০০৯
২৬।কোনটি ট্রেডমার্ক বহির্ভূত?
ক)অক্ষর খ)প্রতীক গ)হলোগ্রাম ঘ)মোড়কীকরণ
২৭।পণ্যকে সমজাতীয় পণ্য থেকে আলাদা করে চেনার জন্য কোনটি গুরুত্বপূর্ণ?
ক)পেটেন্ট খ)ট্রেডমার্ক গ)কপিরাইট ঘ)নিবন্ধন
২৮।লেখক ও প্রকাশকের মধ্যে মুদ্রণ সম্পর্কিত চুক্তিকে কী বলে?
ক)ট্রেডমার্ক খ)পেটেন্ট গ)কপিরাইট ঘ)ফ্রানসাইজিং
২৯।ISO প্রতিষ্ঠিত হয় কত সালে?
ক) ১৯৩২ খ) ১৯৪৭ গ) ১৯৮৫ ঘ) ১৯৮৭
৩০।বিএসটিআই কোন মন্ত্রণালয়ের অধীন?
ক)অর্থ খ)শিল্প গ)সংস্থাপন ঘ)আইন